দৈনিক বাংলা

তারিখ 07 OCT 1988
পৃষ্ঠা ১ কলাম ৪

121

# ভার্সিটি সিনেট নির্বাচনে নীল প্রথম—সাদা দ্বিতীয়

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচনে নীল প্যানেলের প্রার্থীরা বিপুল বিজয় অর্জন করেছেন। শিক্ষক প্রতিনিধির মোট ৩৫টি পদের মধ্যে নীল প্যানেল ২২টিতে জয়লাভ করেছে। নতুন সাদা প্যানেল পেয়েছে ১১টি সদস্যপদ। গোলাপী প্যানেলের মাত্র দুজন প্রার্থী নির্বাচিত হয়েছেন।

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি সিনেট

(১ম পৃঃ পর)

গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় পঞ্চম সিনেটের শিক্ষক প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হয়। টিএসসিতে সকাল দশটা থেকে দুপুর একটা পর্যন্ত একটানা ভোট গ্রহণ চলে। নির্বাচনে মোট ৮২৩ জন ভোটার শিক্ষকের মাঝে ৭৪১ জন ভোট প্রদান করেন। নির্বাচন পরিচালনা করেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ ফারুক। তিনটি প্যানেলের ভিত্তিতে নির্বাচন অনুষ্ঠিত হয়। মোট ৩৫টি পদের জন্যে ৩টি প্যানেলে ১০৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। উল্লেখ্য সিনেটের কার্যকালের মেয়াদ তিন বছরের।

নীল প্যানেলের যে ২২ জন প্রার্থী সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচিত হয়েছেন : প্রফেসর আবদুল জব্বার মিয়া, ডঃ আবু বকর সিদ্দিকী, প্রফেসর আবুল কালাম আজাদ চৌধুরী, প্রফেসর আমিনুল ইসলাম, ডঃ এটিএম জহুরুল হক প্রফেসর এবিএম মাহমুদ, প্রফেসর এম আমিনুল ইসলাম, এম শাহজাহান মিয়া, প্রফেসর খন্দকার বজলুল হক, প্রফেসর জিয়াউদ্দিন আহমদ, প্রফেসর এম আখতারুজ্জামান, ডঃ আলতাফ হোসেন, ডঃ এম এ মান্নান, প্রফেসর এনামুল হক, ডঃ মোস্তফা চৌধুরী, ডঃ মোহসীন উল্ল্যা পাটোয়ারী ডঃ শাহাদত আলী, প্রফেসর মোহাম্মদ মসিহুজ্জামান, প্রফেসর মোহাব্বত খান, প্রফেসর রঙ্গলাল সেন, ডঃ রাজীব হুমায়ুন কবির।

সাদা প্যানেলের নির্বাচিতরা হচেছন : প্রফেসর আনোয়ার উল্লা চৌধুরী, প্রফেসর ইয়াজউদ্দীন আহমেদ, প্রফেসর ইউসুফ হায়দার, প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী প্রফেসর এ এম হারুন অর রশীদ, প্রফেসর এস এম এ ফায়েজ, প্রফেসর ওয়াকিল আহমদ, ডঃ নূরুন নাহার রহমান, প্রফেসর মনিরুজ্জামান মিয়া, প্রফেসর শহীদউদ্দিন আহমেদ ও ডঃ হুমায়ুন আহমেদ।

গোলাপী প্যানেল থেকে প্রফেসর কে এ এম সাদ[illegible] এবং প্রফেসর আমিনুল ইসলাম নির্বাচিত হয়েছেন।

নির্বাচনে সর্বোচ্চ ভোট পেয়েছেন নীল প্যানেলের প্রফেসর আমিনুল ইসলাম (মৃত্তিকা বিজ্ঞান)। তিনি ৪১৬ ভোট পেয়েছেন দ্বিতীয় এবং তৃতীয় সর্বাধিক ভোট পেয়েছেন সাদা প্যানেলের প্রার্থীরা। প্রফেসর মনিরুজ্জামান মিয়া ৩৬৬ ভোট পেয়েছেন। তৃতীয় সর্বাধিক ভোট পেয়েছেন যুগ্মভাবে প্রফেসর সিরাজুল ইসলাম চৌধুরী ও প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ। তাঁদের প্রাপ্ত ভোট সংখ্যা হচেছ ৩৬৫।

উল্লেখ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাজনৈতিক পরিচয়ের দিক থেকে নীল প্যানেল আওয়ামী লীগ-সিপিবির সমর্থক হিসাবে পরিচিত। গোলাপী প্যানেল এই রাজনীতির বিপরীত স্রোত হিসাবে পরিচিত। সম্প্রতি গোলাপী প্যানেল দ্বিধা-বিভক্ত হয়ে পড়ে। একটি অংশ সাদা প্যানেলে প্রার্থী দাঁড় করিয়ে সিনেট নির্বাচনে অংশ নেয়।